বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

প্রকৌশল সেল (এস্টিমেটর)

...

সভাপতি	সৈয়দ মিজানুর রহমান এনডিসি. এমডিএস
সভার তারিখ	২৬ আগস্ট, ২০২০
সভার সময়	সকাল ১০:৩০
স্থান	অনুষদ ভবন-১ এর সম্মেলন কক্ষ, বিপিএটিসি, সাভার, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট ‘ক’ এ দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে মাস্টার প্ল্যান পর্যালোচনা কমিটির সভার সূচনা করা হয়। সভায় কমিটির সদস্য ও গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীসহ আমন্ত্রিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিতি পরিশিষ্ট ‘ক’ এ দ্রষ্টব্য। সভায় কেন্দ্রের মাষ্টার প্লান যুগোপযুগি করার জন্য চলমান এবং ভবিষ্যৎ প্রকল্পসমুহ বিবেচনায় নিয়ে মাষ্টার প্লান তৈরীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য সূচি	আলোচনা ও অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	**মাস্টার প্লান পর্যালোচনা কমিটিতে নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ**	মাস্টার প্লান পর্যালোচনার জন্য নিম্নোক্ত ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। ১। এমডিএস (প্রকল্প) - আহবায়ক ২। এমডিএস (এমএন্ডডি) – সদস্য ৩। পরিচালক (প্রশাসন) – সদস্য সচিব আহবায়ক মহোদয় মতামত প্রকাশ করেন যে কেন্দ্রের মাস্টার প্লান দীর্ঘ সময়ের জন্য তৈরি করা হয়, যেখানে বর্তমান এবং ভবিষ্যত পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকে, এজন্য মাস্টার প্লান পর্যালোচনা/তৈরি কমিটিতে কেন্দ্রের নিজস্ব সিনিয়র অনুষদ সদস্যবৃন্দ, গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি এবং স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি থাকা আবশ্যক।	কমিটিতে নিম্নলিখিত সদস্য কো-অপ্ট করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ ১। জনাব মোঃ জাকির হোসেন, পরিচালক - সদস্য ২। ড. মোঃ জহুরুল ইসলাম, পরিচালক - সদস্য ৩। জনাব হাসান মূর্তাজা মাসুম, পরিচালক – সদস্য ৪। নির্বাহী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগ – সদস্য ৫। স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি – সদস্য ৬। সহকারী স্থপতি, বিপিএটিসি’র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প - সদস্য	পরিচালক (প্রশাসন)

২.	**মাস্টার প্লানে রেক্টর বাংলো সংযোজন করা**	মাস্টার প্লান থেকে রেক্টর বাংলো বাদ দেয়া হয়েছিল। কিন্তু প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আরডিপিপি অনুমোদনের সময় রেক্টর বাংলো প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে।	মাস্টার প্লানে বর্তমান রেক্টর বাংলোর জায়গায় একটি অত্যাধুনিক রেক্টর বাংলো প্রদর্শন করতে হবে।	মাস্টার প্লান পর্যালোচনা সংক্রান্ত উপকমিটি ও এমডিএস (প্রকল্প)
৩.	**অত্যাধুনিক মসজিদ কমপ্লেক্স সংযোজন করা**	বিপিএটিসি'র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের জন্য যে মাস্টার প্লান তৈরি করা হয়েছে সেখানে অতিরিক্ত প্রশিক্ষণার্থীর বিষয় বিবেচনা করে মসজিদ সম্প্রসারণের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়নি। কিন্তু অতিরিক্ত প্রশিক্ষণার্থীর বিষয়টি বিবেচনায় নিয়ে মসজিদ কাম ঈদগাহ মাঠ এবং আধুনিক অন্যান্য সুযোগ সুবিধা যেমনঃ মসজিদভিত্তিক মক্তব, লাইব্রেরি প্রভৃতি সেবাসমূহ মাস্টার প্লানে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।	মাস্টার প্লানে অত্যাধুনিক মসজিদ কমপ্লেক্স কাম ঈদগাহ অন্তর্ভুক্ত করতে হবে।	মাস্টার প্লান পর্যালোচনা সংক্রান্ত উপকমিটি ও এমডিএস (প্রকল্প)
৪.	**মাস্টার প্লানে আবাসিক ভবন এবং মাল্টিপারপাস ভবন সংযোজন**	আহবায়ক মহোদয় সভাকে অবহিত করেন যে ইতোমধ্যে আবসিক ভবন এবং মাল্টিপারপাস ভবনের প্রাক্কলন তৈরি করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে, যেখানে নিম্নলিখিতভাবে ভবন প্রদর্শন করা হয়েছেঃ ১। গ্রেড ২-৫ = ২০ তলা ০১ টি ভবন ২। গ্রেড ৬-১০ = ২০ তলা ০১ টি ভবন ৩। গ্রেড ১১-১৬ = ২০ তলা ০২ টি ভবন ৪। গ্রেড ১৭-২০ = ২০ তলা ০২ টি ভবন আবাসিক ভবন = ০৬ টি ৫। মাল্টিপারপাস ভবন - ২০ তলা ০১ টি ভবন মোট = ০৭ টি ভবন	মাস্টার প্লানে আবাসিক ভবন এবং মাল্টিপারপাস ভবনসহ মোট ০৭ টি ভবন স্থাপন করা সম্ভব কিনা তা যাচাই করে সংযোজন করতে হবে।	মাস্টার প্লান পর্যালোচনা সংক্রান্ত উপকমিটি ও এমডিএস (প্রকল্প)
৫.	**কমন করিডোর সংযোজন এবং খালি জায়গা বৃদ্ধি**	বিপিএটিসি'র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের জন্য যে মাস্টার প্লান তৈরি করা হয়েছে সেখানে কমন করিডোর রাখা হয়নি, কিন্তু বাংলাদেশের আবহাওয়ায় কমন করিডোর রাখা খুবই জরুরী, যা বর্তমান কমন করিডোর ব্যবস্থা থেকে প্রতীয়মান হয়। এছাড়া প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় খেলার মাঠের সংখ্যা বাড়ানো দরকার এবং খেলার মাঠের সংখ্যা বাড়ানোর জন্য খালি জায়গা বের করা প্রয়োজন।	মাস্টার প্লানে কমন করিডোর সংযোজন করতে হবে। কমন করিডোর অফিস এলাকা থেকে ক্লিনিক হয়ে আবাসিক এলাকা পর্যন্ত সংযোগ হবে। মাস্টার প্লানে ভবনসমূহ এমনভাবে সন্নিবেশিত করতে হবে যেনো খালি জায়গা বৃদ্ধি পায় এবং ঐ খালি জায়গা খেলার মাঠ হিসেবে ব্যবহার করা যায়।	মাস্টার প্লান পর্যালোচনা সংক্রান্ত উপকমিটি ও এমডিএস (প্রকল্প)

৬.	**আবাসিক ভবনের ও ফ্লাটের সংখ্যা নির্ধারণের জন্য/Need Analysis কমিটি গঠন**	কেন্দ্রের বর্তমান লোকবল এবং ভবিষ্যতে বর্ধিত লোকবলের সংখ্যা হিসাব করে এবং ফ্লাটে বসবাসকারীর সংখ্যা নির্ধারণ করে আবাসিক ভবন নির্মাণের জন্য প্রকল্পে সংস্থান রাখতে হবে। এজন্য একটি কমিটি গঠন করে Need Analysis করার বিষয়ে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। বর্তমানে কেন্দ্রের ফ্লাটসমূহ খালি থাকছে, যে কারণে ভবিষ্যতে ফ্লাট নির্মাণের জন্য এ বিষয়টি খেয়াল রেখে ফ্লাট নির্মাণ করা যুক্তিযুক্ত হবে। দেখা যাচ্ছে যে পরিমাণ ভাড়া বেতন থেকে কর্তন করা হয় তার থেকে কম ভাড়ায় বিপিএটিসি'র আশেপাশে ভালো মানের বাসা পাওয়া যায়। এজন্য কমিটি Need Analysis করার প্রয়োজন মনে করে।	Need Analysis করার জন্য একটি কমিটি গঠন করা হবে। কমিটি নিম্নরূপঃ ১। জনাব হাসান মূর্তাজা মাসুম- আহবায়ক ২। সহকারী প্রকল্প পরিচালক – সদস্য ৩। সহকারী পরিচালক (ডরমিটরী) – সদস্য ৪। সহকারী স্থপতি – সদস্য ৫। এস্টিমেটর - সদস্য	পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি
৭.	**নতুন গেস্ট হাউজ তৈরি**	কেন্দ্রের বর্তমান গেস্ট হাউজ ভাঙা হবে এবং সেখানে ক্যাফেটেরিয়া নির্মাণ হবে। এজন্য একটি নতুন গেস্ট হাউজ তৈরি করা প্রয়োজন হবে। আবসিক এলাকা এবং মসজিদের মাঝে কাছাকাছি কোন জায়গায় গেস্ট হাউজ তৈরি করতে হবে। কোর্স বহির্ভূত অতিথিগণ গেস্ট হাউজে অবস্থান করবেন। গেস্ট হাউজে ফ্লাট/বাসার মতো সুন্দর পরিবেশ থাকবে।	সংশোধিত প্রকল্পে গেস্ট হাউজ নির্মাণের সংস্থান রাখতে হবে।	প্রকল্প পরিচালক ও পরিচালক (প্রশাসন)
৮.	**বিবিধ কাজ/সিদ্ধান্ত**	১। প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার কারণে খেলার মাঠের সংখ্যা বাড়ানো দরকার। ২। কেন্দ্রের স্কুল-কলেজ বর্তমান জায়গা থেকে কেন্দ্রের ১ নং গেইটের পাশে স্থনান্তর সম্ভব কিনা সম্ভাব্যতা যাচাই করতে হবে। ৩। কমকর্তা-কর্মচারীদের কেন্দ্রের বাসায় থাকা আবশ্যিক করার বিষয়টির সম্ভাব্যতা যাচাই করতে হবে। ৪। নতুন ফ্লাট নির্মাণের সময় সুযোগ সুবিধা বাড়াতে হবে। ৫। কেন্দ্রের নতুন অর্গানোগ্রাম নতুন ০৪ টি আরপিএটিসি জনবলসহ হালনাগাদ করতে হবে।	বিবিধ সিদ্ধান্তসমূহ যাচাই এবং পর্যালোচনাপূর্বক মাস্টার প্লানে সংযোজন করতে হবে।	মাস্টার প্লান পর্যালোচনা সংক্রান্ত উপকমিটি ও এমডিএস (প্রকল্প)

পরিশেষে সেপ্টেম্বর মাসের প্রথমার্ধে পরবর্তী সভার করার আশাবাদ ব্যক্ত করে সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সৈয়দ মিজানুর রহমান এনডিসি.
এমডিএস

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.২০৪.১৮.১১৫.১৯.২ তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭

০২ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রকল্প পরিচালক, বিপিএটিসি'র প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

২) পরিচালক, প্রকল্প অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৩) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৪) পরিচালক, এসটি এ্যান্ড আরসি অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৫) পরিচালক, টিওটি অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৬) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সেবা অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৭) উপপরিচালক, প্রশাসন অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৮) উপপরিচালক, উন্নয়ন অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৯) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), এমআইএস অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

১০) উপপরিচালক, আরপিএটিসি অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

১১) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

১২) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

১৩) স্টেনো-টাইপিস্ট-কাম-কম্পিউটার অপারেটর , প্রকল্প ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

মোঃ সিদ্দিকুর রহমান
পরিচালক